

কিষণ ক্রেডিট কার্ড

কৃষি, কৃষি সংক্রান্ত জীবিকা নির্বাহের ক্ষেত্রে সহজে এবং অল্প সময়ের মধ্যে চাষীরা যাতে ব্যাঙ্ক ঋণ পেতে পারেন তার জন্য সরকার সমস্ত চাষীদের কিষণ ক্রেডিট কার্ড দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

কি কি সুবিধা পাওয়া যায় :-

- ১) ফসল চাষের জন্য স্বল্প মেয়াদী কৃষি ঋণ ।
- ২) ফসল কাটার পরবর্তী খরচ ।
- ৩) কৃষি সম্পদ রক্ষণাবেক্ষণ, চাষের উপযুক্ত প্রাণী সম্পদ যেমন গবাদি পশু, পোল্ট্রী, মৎস্য ইত্যাদি ক্রয় ও পালনের জন্য মেয়াদী ঋণ ।
- ৪) কৃষি যন্ত্রপাতি যেমন পাম্পসেট, স্প্রয়ার ইত্যাদি কেনার জন্য মেয়াদী ঋণ।
- ৫) সময় মতো ঋণ পরিশোধ করলে ঋণের সুদে ছাড় পাওয়া যায় ।

কে বা কারা সাহায্য পাবেন :-

- ১) যে সমস্ত চাষীরা নিজস্ব জমির প্রয়োজনীয় প্রমাণপত্র আছে ।
- ২) ভাগ চাষী, মৌখিক ভাগ চাষী, অন্যের জমি লীজ নেওয়া চাষীও এই কার্ড পেতে পারেন ।

সাহায্যের জন্য কোথায় যাবেন :-

- ১) জেলায় অবস্থিত গ্রামীণ ব্যাঙ্ক, বাণিজ্যিক ব্যাঙ্ক বা সমবায় ব্যাঙ্কের শাখায় ।
- ২) ব্লকস্তরে সহ কৃষি অধিকর্তার অফিস ।